



বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.presscouncil.gov.bd

বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক-২০২৩ এর আবেদনের মেয়াদ বৃদ্ধি

বাংলাদেশ প্রেস কাউন্সিল অনুসন্ধানী ও সৃজনশীল প্রতিবেদন তৈরির ক্ষেত্রে সংবাদপত্র বা সাংবাদিক বা ফটোজার্নালিস্টদের ভূমিকার স্বীকৃতি হিসেবে বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক ২০২৩ এর আবেদন আহ্বান করে বিগত ০১ ডিসেম্বর ২০২২ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়, যার আবেদনের শেষ তারিখ ছিল ০৫ জানুয়ারি ২০২৩। সাংবাদিকদের আগ্রহ বিবেচনায় প্রেস কাউন্সিল পদক ২০২৩ এর আবেদন দাখিলের সময়সীমা আগামী ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হলো। নিম্নেবর্ণিত ক্যাটাগরিতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

গ্রামীণ সাংবাদিকতা: দেশের গ্রামীণ জীবনযাত্রা নিয়ে সংবাদপত্রে (বাংলা ও ইংরেজি) প্রকাশিত বা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত অনুসন্ধানী ও সৃজনশীল প্রতিবেদনের জন্য এই পদক দেয়া হবে।

উন্নয়ন সাংবাদিকতা: দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা নিয়ে সংবাদপত্রে (বাংলা ও ইংরেজি) প্রকাশিত বা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত উদ্ভাবনী ও অনুসন্ধানমূলক প্রতিবেদনের জন্য এই পদক দেয়া হবে।

নারী সাংবাদিকতা: যেকোনো বিষয়ে নারী সাংবাদিকের সংবাদপত্রে (বাংলা ও ইংরেজি) প্রকাশিত বা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত সৃজনশীল ও অনুসন্ধানী প্রতিবেদনের জন্য এই পদক দেয়া হবে।

আলোকচিত্র/ভিডিওচিত্র: সংবাদপত্রে (বাংলা ও ইংরেজি) প্রকাশিত বা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত সৃজনশীল ও সাহসী সংবাদ ফিচার/আলোকচিত্র/ভিডিওচিত্রের জন্য এই পদক দেয়া হবে।

আবেদনের নিয়মাবলি:

- ১। প্রতিবেদন বা ফিচার ১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২ এর মধ্যে প্রকাশিত বা সম্প্রচারিত হতে হবে।
- ২। আবেদনকারীকে যেকোনো সংবাদপত্রে বা ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিক বা আলোকচিত্র সাংবাদিক হতে হবে।
- ৩। সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদন বা ফিচারের মূল কপি এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত প্রতিবেদন এর সফটকপি (সিডি) জমা দিতে হবে।
- ৪। সংবাদপত্রে প্রকাশিত আলোকচিত্রের ক্যাপশনসহ মূলকপি জমা দিতে হবে। আলোকচিত্রের ৪R(৪"x10") সাইজের হার্ডকপি এবং ভিডিওচিত্রের সফটকপি সিডি/ভিডিও আকারে জমা দিতে হবে।
- ৫। একজন আবেদনকারী একই বিষয়ে একাধিক প্রতিবেদন বা ফিচার বা আলোকচিত্র জমা দিতে পারবেন না।
- ৬। প্রত্যেক ক্যাটাগরিতে একজন পাবেন পঞ্চাশ হাজার টাকা আর সাথে পাবেন ট্রেন্সট ও সার্টিফিকেট।
- ৭। আবেদনপত্র বাংলাদেশ প্রেস কাউন্সিলের ওয়েবসাইট www.presscouncil.gov.bd এর নোটিশবোর্ডে পাওয়া যাবে এবং আবেদনপত্র পূরণ করে প্রতিবেদনের কপিসহ সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর সরাসরি বা ডাকযোগে আগামী ৩১ মার্চ ২০২৩ এর মধ্যে পাঠাতে হবে। বিস্তারিত জানার জন্য প্রেস কাউন্সিল এর ওয়েবসাইট ভিজিট করুন।

২৩/০২/২৩
মো. মাসুদ খান
সচিব

ফোন: ২২৬৬৩৮০১৪

ইমেইল: secretary@presscouncil.gov.bd